# মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ১৬/৩/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৯১২৭ হেঃ জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। চুড়ান্তভাবে ৯১৮৫ হেঃ জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। উপজেলায় বোরো আবাদের জাতীয় লক্ষ্য মাত্রা অর্জিত হয়েছে। এর মধ্যে হাইব্রিড-৩৭৫০ হেঃ, উফশী-৫৪০৫ হেঃ এবং স্থানীয়-৩০ হেঃ। বোরো ফসলের অবস্থা ভালো। লক্ষ্যমাত্রা ৫১০০ হেঃ হলেও ৫৩০০ হেঃ জমিতে ভূট্টা আবাদ সম্পন্ন হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অন্যান্য মাঠ ফসলের অবস্থা ভালো এবং ফলন ভালো হয়েছে। কৃষকদের সাথে মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপ ভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে,<br>০১। কোভিড-১৯ টিকা কার্যক্রম ১ম, ২য় ও বুস্টার ডোজের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ৭১.১৮% জনগণকে টিকার আওতায় আনা হয়েছে।<br>০২। নতুন ০৮ (আট) জন চিকিৎসক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসেছেন। যার ফলে জনসাধারণের মাঝে সেবার মান আরও গতিশীল হয়েছে।<br>০৩। পরিচ্ছন্নতা কর্মীর সংকট রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম কিছুটা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ২০২১-২০২২ অর্থবছরের বাছাই কমিটির মাধ্যমে নির্বাচিত পিআইসি এবং টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত স্কীমসমূহের তালিকা নিম্নে উল্লেখ করা হলো। | ০১। ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় পিআইসি, টেন্ডার, রাজস্ব খাত টেন্ডার এবং রাজস্ব খাত RFQ এর মাধ্যমে স্কীমসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

পিআইসি

| ক্রঃ নং | কাজের নাম | ইউনিয়নের নাম | প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ক) বীর হলকা উচ্চ বিদ্যালয়, খ) বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয়, গ) পোল্লাকান্দি রহমানিয়া দাখিল মাদরাসা, ঘ) খোলাবাড়ীর চর উচ্চ বিদ্যালয় এবং ঙ) বাছেদপুর উচ্চ বিদ্যালয়ে মোট ৫০ জোড়া কাঠের বেঞ্চ সরবরাহ। | চুকাইবাড়ী, চিকাজানী ও বাহাদুরাবাদ | ২.০০ | |
| ০২ | ক)তারাটিয়া আলহাজ লাল মামুদ উচ্চ বিদ্যালয়, খ) পোল্লাকান্দি উচ্চ বিদ্যালয়, গ) আলহাজ্ব ইস্তিয়াক হোসেন দিদার মহিলা কলেজ, ঘ) হাতীভাংগা এ. বি উচ্চ বিদ্যালয় ও ঙ) চরমাগুরীহাট দাখিল মাদরাসায় মোট ৫০ জোড়া কাঠের বেঞ্চ সরবরাহ। | পাররামরামপুর, বাহাদুরাবাদ, হাতীভাংগা ও চিকাজানী | ২.০০ | |
| ০৩ | পোল্যাকান্দি হাফিজিয়া মাদ্রাসার টিনের চাল নির্মাণ। | বাহাদুরাবাদ | ২.০০ | |
| ০৪ | দিঘীর পাড় কালুর বাড়ি হতে আব্বাস আলীর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | চিকাজানী | ২.০০ | |
| ০৫ | পাররামরামপুর ইউনিয়নের গাজী বাছির উদ্দিন কলেজের গেইট নির্মাণ। | পাররামরামপুর | ২.০০ | |
| ০৬ | চেংটিমারী সাইফুলের বাড়ির পাকা রাস্তা হতে পূর্ব দিকে সিসি রাস্তা নির্মাণ। | ডাংধরা | ২.০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উত্তর মকির চর শাহজাহানের বাড়ির নিকট জামে মসজিদের রাস্তার দক্ষিণ-পূর্ব পাশে গাইড ওয়াল নির্মাণ। | চরআমখাওয়া | ২.০০ | |
| ০৮ | ডিগ্রির চর হেফাজত উদ্দিন উচ্চ বিদ্যালয়ে বেঞ্চ ও চেয়ার টেবিল সরবরাহ। | পাররামরামপুর | ২.০০ | |
| ০৯ | আকন্দপাড়া জমিরণ নেছা উচ্চ বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ। | হাতীভাংগা | ১.৫০ | |
| ১০ | বাহাদুরাবাদ ইউনিয়ন পরিষদের মাঠের উত্তর পার্শ্বে ০১ টি শেডঘর নির্মাণ। | বাহাদুরাবাদ | ১.৫০ | |
| ১১ | বাহাদুরাবাদ ইউনিয়ন পরিষদের মাঠের দক্ষিণ পার্শ্বে যাত্রী ছাউনি নির্মাণ। | বাহাদুরাবাদ | ২.০০ | |
| ১২ | টাকিমারী এবতেদায়ী মাদরাসায় আসবাবপত্র সরবরাহ। | চিকাজানী | ২.০০ | |
| ১৩ | বালুগ্রাম কেন্দ্রীয় ঈদগাহ মাঠের রাস্তা সিসি করন। | চুকাইবাড়ী | ১.৫০ | |
| ১৪ | বীর উম্মারচর জামে মসজিদের ল্যাট্রিন নির্মাণ কাজ। | দেওয়ানগঞ্জ সদর | ১.৫০ | |
| | | সর্বমোট= | ২৬.০০ | |

টেন্ডার

| ক্রঃ | প্যাকেজ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | প্যাকেজের প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১ | **ADP/Dew/2021-22/W-01** | ক) দেওয়ানগঞ্জ সদর ইউনিয়নের খড়মা ভাটিপাড়া কবর স্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২.০০ | ৯.৫০ |
| | | খ) দিঘল কান্দি গ্রামে সুগারমিল সংলগ্ন রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা মাহমুদুল হকের বাড়ি ভায়া বিপ্লবের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। দৈর্ঘ্য ২২০ ফুট, প্রস্থ ৮ ফুট। | ৩.৫০ | |
| | | গ) বীর উম্মারচর পশ্চিম পাড়া কাবুলের বাড়ি হতে আলা উদ্দিনের বাড়ির রাস্তায় সিসি করণ। | ৪.০০ | |
| ০২ | **ADP/Dew/2021-22/W-02** | ক) বাহাদুরাবাদ ইউনিয়নের নাজিরপুর হাফেজিয়া মাদ্রাসার ফ্লোর টাইলস করণ। | ১.০০ | ১২.০০ |
| | | খ) হ্যাপী মোড় থেকে ৩০০ মিটার **HBB** দ্বারা রাস্তা উন্নয়ন। | ৫.০০ | |
| | | গ) ঝালর চর পাকা রাস্তা হতে ফজল হক ডাক্তারের বাড়ির রাস্তা সিসি করণ। | ৩.০০ | |
| | | ঘ) মধ্য সর্দারপাড়া জলিলের দোকান হতে মসজিদ পর্যন্ত পাকা রাস্তা সিসি করণ। | ৩.০০ | |
| ০৩ | **ADP/Dew/2021-22/W-03** | ক) পাররামরামপুর ইউনিয়নের কেল্লুয়ারচর আমজাদ মেম্বারের বাড়ির সামনে আরসিসি পাকা রাস্তার মাথা হতে ঝাউডাংগা কুড়া পর্যন্ত রাস্তা পাকা করণ। | ৪.০০ | ৮.০০ |
| | | খ) চুকাইবাড়ী ইউনিয়নের বালুগ্রাম দক্ষিণ গনির বাড়ি হতে রওশন আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৪.০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | ADP/Dew/2021-22/W-04 | ক) চিকাজানী ইউনিয়নের হাসর উদ্দিনের দোকান হতে সরাফত মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৫.০০ | ৯.০০ |
| | | খ) রামপুরা মসজিদ হতে আঃ রহিমের বাড়ির রাস্তা সিসি করণ। | ৪.০০ | |
| ০৫ | ADP/Dew/2021-22/W-05 | ক) চরআমখাওয়া ইউনিয়নের সানন্দবাড়ী পশ্চিমপাড়া পাকা রাস্তা হতে সমশেরের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৩.০০ | ৯.০০ |
| | | খ) হাতীভাংগা ইউনিয়ন পরিষদ ভবনের সামনে রাস্তা সিসি করণ। | ৪.০০ | |
| | | গ) আচাঁকান্দি মক্তবের উন্নয়ন ও সংস্কার করণ। | ২.০০ | |
| ০৬ | ADP/Dew/2021-22/W-06 | ক) ডাংধরা ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে টোকপাড়া খালের উপর কংক্রিট এর খুটি দিয়ে কাঠের সাঁকো নির্মাণ। | ৭.৮২ | ১১.৮২ |
| | | খ) ডাংধরা ইউনিয়নের হিজরাদের আশ্রয়নে সীমানা প্রাচীর নির্মাণ। | ৪.০০ | |
| | | সর্বমোট= | ৫৯.৩২০০০ | ৫৯.৩২ |

২। ২০২১-২২ অর্থবছরের রাজস্ব খাতে বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার স্কীমের তালিকা নিম্নরুপ।

| ক্রঃ নং | প্যাকেজ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) | প্যাকেজের প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | Rev/Dew/2021-2022/W-01 | ক) দেওয়ানগঞ্জ সদর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের খড়মা পুর্বপাড়া মসজিদ ও কবর স্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২.৫০ | ১২.৫০ |
| | | খ) চরআমখাওয়া ইউনিয়নের সানন্দবাড়ী ডিগ্রি কলেজে সীমানা প্রাচীর নির্মাণ। | ৪.০০ | |
| | | গ) বাহাদুরাবাদ ইউনিয়নের মাদারের চর আলহাজ্ব মোঃ ফুলু মিয়া বাড়ী কবর স্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২.০০ | |
| | | ঘ) চরআমখাওয়া ইউনিয়নের মৌলভীর চর পাঞ্জেগানা নামাজ ও মক্তব ঘর উন্নয়ন। | ২.০০ | |
| | | ঙ) চর মাগুরীহাট দাখিল মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২.০০ | |
| ০২ | Rev/Dew/2021-2022/W-02 | উপজেলা পরিষদ চত্বরে সালামী মঞ্চ নির্মাণ। | ৪.৫০ | ১১.০০ |
| | | উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু মুরাল নির্মাণ। | ৬.৫০ | |
| ০৩ | Rev/Dew/2021-2022/W-03 | উপজেলা পরিষদের গাড়ীর গ্যারেজ এবং গাড়ী ধোয়ার স্থান নির্মাণ। | ১২.০৮ | ১২.০৮ |

৩। ২০২১-২২ অর্থবছরের রাজস্ব খাতে বাস্তবায়নের লক্ষ্যে **Request for Quotation (RFQ)** স্কীমের তালিকা নিম্নরূপ।

| ক্রম নং | প্যাকেজ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ০১ | Rev/Dew/2021-2022/RFQ-01 | উপজেলা চেয়ারম্যানের অফিস কক্ষ (নতুন ভবন) এর ইন্টেরিয়র ডেকোরেটর। | ৫.০০ |
| ০২ | Rev/Dew/2021-2022/RFQ-02 | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ (নতুন ভবন) এর ইন্টেরিয়র ডেকোরেটর। | ৫.০০ |
| ০৩ | Rev/Dew/2021-2022/RFQ-03 | উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ (নতুন ভবন) এর ইন্টেরিয়র ডেকোরেটর। | ৪.০০ |

| | | | |
|---|---|---|---|
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নলকূপ খনন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলোর কাজ খুব শীঘ্রই শুরু হবে। আশ্রয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নের নলকূপগুলোর কাজ শেষ পর্যায়। আর্সেনিক স্কিনিং এর কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। সমগ্র উপজেলায় প্রায় ৯০০০ টি নলকূপের আর্সেনিক পরীক্ষা সম্পূর্ণ হয়েছে। **Wash Block** সহ অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | **Wash Block** সহ সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরে অতিরিক্ত বয়স্ক ভাতা বরাদ্দের জন্য অনলাইনে আবেদন চলছে। ২২/৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদন শেষ করতে হবে। বরাদ্দ পাওয়ার ২-৩ দিনের মধ্যে তালিকা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>০২। ২০২১-২০২২ অর্থবছরে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৩৭০ জন ছাত্রের উপবৃত্তি প্রদানের কাজ চলমান রয়েছে।<br>০৩। এ মাসে মোট =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বিনিয়োগ করা হয়েছে।<br>০৪। চলতি মাসে মোট ০৫ জনকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র উপজেলার সমবায় সমিতিগুলোর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ইজিপিপি ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে চুকাইবাড়ী ও ডাংধরা ইউনিয়নের ০৫ দিনের শ্রমমজুরী বাবদ বিল প্রদান করা হয়েছে। অন্যান্য ইউনিয়নের বিল প্রদানের কাজ চলমান আছে। পাররামরামপুর ইউনিয়নের শ্রমমজুরী বিল দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। টি আর, কাবিখা ১ম পর্যায়ের কাজ চলছে। প্রকল্পের কাজসমূহ অতিদ্রুত সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০৩। নদী ভাংগনে ক্ষতিগ্রস্থ ১৫৬ টি পরিবারের মাঝে বিতরণের জন্য বরাদ্দকৃত =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা বিতরণ সম্পন্ন হয়েছে।<br>০৪। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে বিতরণের জন্য বরাদ্দকৃত জি আর চাউল অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবার ও নদী ভাংগন ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে বিতরণের জন্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মহোদয়ের মৌখিক নির্দেশনা প্রদান করেছেন। সেই মোতাবেক বিতরণের কাজ প্রক্রিয়াধীন। | টি আর, কাবিখাসহ সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দীর্ঘ ৩৯ দিন বন্ধ থাকার পর গত ০২/৩/২০২২ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়ে পুনরায় পাঠদান কার্যক্রম চালু রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ক্লাশ রুটিন এবং বিষয় ভিত্তিক পাঠ পরিকল্পনা অনুযায়ী শ্রেণি পাঠদান পরিচালিত হচ্ছে। ২০২২ সনের কিছু উদ্বৃত্ত বই পৌরসভা ভবনে সংরক্ষিত রয়েছে। ১২৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইতোমধ্যে এসএমসি গঠিত হয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি কর্তৃক কমিটিসমূহ অনুমোদন হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে প্রত্যেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইতোমধ্যে ঐতিহাসিক ০৭ মার্চ ও ০৮ মার্চ ২০২২ গৃহীত কর্মসূচী বাস্তবায়িত হয়েছে। আগামী ১৭/৩/২০২২ খ্রি. তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ ২০২২ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০২২ খ্রি. তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের জন্য গৃহীত প্রতিটি কর্মসূচী প্রাথমিক বিদ্যালয়ে প্রতিপালন করার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সকল শিক্ষকগণ টিকা গ্রহণ সম্পন্ন করেছেন। স্লীপ, মেরামত ও সংস্কার কাজ চলমান রয়েছে। সহকারি উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৫/৩/২০২২ খ্রি. তারিখ হতে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হয়েছে। শতভাগ ছাত্র/ছাত্রী, শিক্ষক/কর্মচারী কোভিড-১৯ এর আওতায় ভ্যাকসিন দেয়া হয়েছে। শিক্ষার্থীদের মাস্ক সংকট রয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মার্চ/২২ মাসে মোট সক্ষম দম্পতি ৬০২৪৫ জন, মোট গ্রহণকারী ৪৮৪০৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৩৫%। আইইউডি-১২ জন, স্থায়ী পদ্ধতি-০৮ জন মহিলা, ইমপ্ল্যান্ট-৯৪ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯৯০৬ পিস, আপন-২৮০ চক্র, কনডম-১৫২৮৬ পিস, ইনজেকশন-২২১৯ ভায়াল। গর্ভকালীন সেবা প্রদান ১১৭২ জন, প্রসব পরবর্তী সেবা প্রদান ২৬২ জন, নবজাতকের সেবা প্রদান ২৬২ জন, প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন এবং কিশোর/কিশোরী সেবা ২৭১১ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। এই মাসে ৭৪৫ টি গবাদিপ কে কৃত্রিম প্রজনন এবং ২৪৪ টি সংকর জাতের বাছুর উৎপাদন হয়।<br>০২। গবাদিপশু ১৩১৬ টি এবং হাঁস মুরগী ২৫৫০০ টি টিকা প্রদান করা হয়েছে।<br>০৩। ২৫৯৯ গবাদিপশু, ২০৪৪৪ টি হাঁস মুরগী চিকিৎসা প্রদান করা হয়।<br>০৪। খামারী প্রশিক্ষণ, খামার পরিচালনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রমের উপর মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে। বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষে ১০ জন জেলের তালিকা নিয়ে আলোচনা করা হয়। প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্যাকেজ নির্ধারণের জন্য পরামর্শ চাওয়া হয়। চলমান জেলে নিবন্ধন কার্যক্রমের তালিকা প্রতিটি ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>আত্নকর্মসংস্থান ঋণ কর্মসূচী ঃ<br>উপকারভোগীর সংখ্যা-৯৫৫ জন। ঋন সংখ্যা-১৬১৭ জন। চলতি অর্থবছরে ২৫ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=১৭,২০,০০০/- টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন-=৩,২৪,৪৫,৮০০/- (তিন কোটি চব্বিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার আটশত) টাকা। চলতি মাসে আদায়যোগ্য =২,২২,৮৫০/-, চলতি মাসে আদায়কৃত =১,৯৫,৭০০/-। চলতি মাসে আদায়ের শতকরা হার ৮৮%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য=২,৮৫,২৫,৫৮২/-। ক্রমপুঞ্জিত আদায় =২,৬১,৫২,৩৯৩/-, আদায়ের শতকরা হার ৯২%। খেলাপী টাকার পরিমান= ১৬,৭৯,৯৬৭/- টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- নাই ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৬ %<br>উপকারভোগীর সংখ্যা- ২৩৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘুর্ণায়মান-২৫,০০,০০০/-<br>চলতি মাসে আদায়যোগ্য- ৩৮,৪০০/-<br>চলতি মাসে আদায়কৃত- -<br>চলতি মাসে আদায়ের শতকরা হার- ০%<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৩,৯৪,৪০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৬%<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>চলতি মাসে আদায়যোগ্য ০০/- এবং চলতি মাসে আদায়কৃত-০০/-<br>চলতি মাসে আদায়ের শতকরা হার ০০%<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৬৯ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৮১৯ জন<br>মহিলা-৩২১ জন মহিলা-৪৪১৫ জন<br>মোট- ৩৯০ জন মোট- ৭২৩৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ- ২৫৭ জন তালিকাভূক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>মহিলা- ১৬৩ জন সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | মোট- ৪২০ জন<br>সকল বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | | |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। চাউল বিতরণের সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।<br>০২। প্রত্যেক ইউনিয়নে নারী ও শিশু নির্যাতনের রেজুলেশন এ মাসের মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা হয়।<br>০৩। কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তির ০২ টি শূন্য পদের বিপরীতে আবেদন পত্র চাওয়া হয়।<br>০৪। কিশোর কিশোরী ক্লাবের (CMC) সভা কার্যক্রম সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। ক্লাবে ক্যারাটি শিক্ষক নিয়োগ করা হয়েছে।<br>০৫। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মহিলা বিষয়ক অফিসের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। খেলাপী ঋণ আদায় ১.০০ টাকা<br>০২। ৩০ জন সমবায়ীদের ০১ (এক) দিনের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>০৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বন বিভাগ কর্তৃক বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্যাকান্দি ব্রীজের উত্তর পাশে পাকা রাস্তা হতে চরপোল্যাকান্দি মসজিদ পর্যন্ত ও পোল্যাকান্দি ব্রীজ সংলগ্ন কবরস্থান হতে পূর্ব দিকে ৩ সিডলিং কি. মি. স্ট্রীপ বাগান সৃজন করন বিষয়ে অবহিত করেন। | উল্লিখিত স্থানে বাগান সৃজন কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি<br>মোট সদস্য- ১১,৬৪১ জন<br>মোট ঋণ বিতরন- ১ কোটি ১২ লক্ষ টাকা<br>ঋণ আদায়-৭০,০০,০০০/-<br>০২। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪৩৭৮ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৫৪৯১০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬৭৩১০০০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ১১৪৮০০০/-<br>চ) আদায় হার- ৯৮%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যেক্তা সংখ্যা- ৭৭ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ৮,৫০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১৩,৭৬,০০০/-<br>ঘ) আদায় হার- ১০০%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০৫% | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯) | এজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে চলছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষে প্রচার প্রচারনা করা হচ্ছে। দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ সরবরাহ অবস্থা ভালো রাখার লক্ষে প্রয়োজনীয় সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br>উপজেলা নির্বাহী অফিসার/ এজিএম পল্লী বিদ্যুৎ |
| ২০) | ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ<br>ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ সভাস্থ সকলকে ছালাম জানান। জনগণ বিভিন্ন জায়গায় ট্রেনের মাধ্যমে ভ্রমনের নিমিত্ত প্রয়োজন অনুযায়ী টিকিট সংগ্রহ করতে পারছেন। ৫০% টিকিট কাউন্টার এবং ৫০% টিকেট অনলাইনের মাধ্যমে জনসাধারণ ক্রয় করতে পারবেন। যে দিন ট্রেনের টিকিট প্রদান করা হয় ১৬ ঘন্টা টিকেট কাউন্টারে রাখা হয়। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | দেওয়ানগঞ্জ ষ্টেশনের সকল কার্যক্রম ভালোভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ<br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে কখনও যদি আগুন লাগার খবর আসে বা যে কোন দুর্ঘটনার খবর পাওয়র সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনারোধ কল্পে সকল কার্যক্রম সম্পাদন করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | বক্তব্য শেষ করেন। | | অফিসার |
| ২২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র দপ্তরের ধান, চাউল ও গমের মজুদ নিম্নরুপ ঃ<br>০১। চাউল- আমন সিদ্ধ-৬৬৬.৫৯০ মে. টন, আমন পুষ্টি-৩৩৪.৪৭০ মে. টন, আমদানীকৃত-২৩৯.৭১৬ মে. টন, বোরো/২১-২৮৩.৮১১ মে. টন<br>০২। ধান- নাই<br>০৩। গম- ৫.৩৮৭ মে. টন<br>এছাড়া মার্চ/২২ মাসে খাদ্য বান্ধব কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি পৌরসভায় **OMS** কার্যক্রমও চলমান রয়েছে। ৪০০০ পারিবারিক সাইলো বিতরণ কার্যক্রম গত ফেব্রুয়ারি/২২ মাসে সম্পন্ন হয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩) | উপজেলা পাট বিভাগ ঃ<br>উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। পাটের বাজর দর যেমন- সাদা পাট ৩,০০০/- (তিন হাজার) টাকা, তোষা পাট ৩,৩০০/- (তিন হাজার তিনশত) টাকা। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ৩০০০ জন পাট চাষী রয়েছেন। পাট চাষীগণকে বিনামূল্যে পাট বীজ, সার ও কীটনাশক প্রদান করা হয়েছে। চলতি মাসে আরও পাট বীজ সংগ্রহ ও পাটচাষীগণের মাঝে সরবরাহ করা হবে। | পাট বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা পাট কর্মকর্তা |
| ২৪) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, মার্চ/২২ মাসে ০৪ টি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গেছে। উঠান বৈঠকে প্রশিক্ষণার্থী-৫০ জন, সম্মানীভাতা-১০০/- (একশত) টাকা। এছাড়া তথ্যকেন্দ্র হতে বিনামূল্যে বিভিন্ন আবেদন, রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করা হয়। সকল ইউপি চেয়ারম্যানগণকে মহিলাদেরকে তাদের প্রয়োজন অনুযায়ী তথ্যআপা অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্প ০১ নং ওয়ার্ডে উপকারভোগীরা জমিসহ ঘর পেয়েছেন। সেখানে টিউবওয়েল স্থাপন প্রয়োজন। টয়লেট যেখানে নির্মাণ করা হয়েছে সেখানে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নেই। টয়লেটের পাইপ ফেটে গিয়ে এলাকায় দুর্গন্ধের সৃষ্টি হচ্ছে। তাঁর ওয়ার্ডের নির্মাণকৃত আশ্রয়ন প্রকল্পগুলোতে উপকারভোগীরা যেন ভালোভাবে বসবাস করতে পারে সে লক্ষে সমস্যাগুলো সমাধানের জন্য সভায় অনুরোধ জানান। বাগান বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ৩০০ বিঘা জমি জলবদ্ধতার কারণে ফসল ফলানো সম্ভব হচ্ছে না। এছাড়াও ০৬ নং ওয়ার্ডেও ৩৫০ জমি উক্ত সমস্যার কারণে ফসল পাওয়া যাচ্ছে না। জমির পাশ দিয়ে যদি ড্রেনেজ ব্যবস্থা স্থাপন করা যায় তাহলে পানি নিষ্কাশন সম্ভব হলে জমিতে ফসল ফলানো সম্ভব হবে। সভাস্থ সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>নবাগত চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সভায় সকলকে ছালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তাঁর ইউনিয়নে আইন শৃংখলা পরিস্থিতি ভালো। সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। বয়স্ক ভাতাভোগী কিছু জনগণ অনেক আগে ভাতা পেয়েছেন। কিন্তু বর্তমানে ভাতা পাচ্ছেন না। বিষয়টি সমাজসেবা অফিসারের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। কোভিড-১৯ রোধকল্পে জনগণকে ভ্যাকসিন প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়াও মাস্ক পড়ে চলাচল করার জন্য অনুরোধ করা হয়। উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>নবাগত হাতীভাংগা ইউপি চেয়ারম্যান, সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি তাঁর ইউনিয়নে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা যারা পেয়েছেন তাদের মধ্যে অনেকেই এখন ভাতা পাচ্ছেন না। এ ব্যাপারে উপজেলা সমাজসেবা অফিসারের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। জনসাধারণের সেবা প্রদানে ও উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। জাইকার আওতায় হরিনধরা বাঁধ নির্মাণের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করেন। বাঁধটি নির্মাণ করা হলে দেওয়ানগঞ্জ উপজেলায় বন্যার পানি প্রবেশ রোধ করা সম্ভবপর হতে পারে। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি কলাকান্দা মোড় হতে শাহাজাদপুর পর্যন্ত রাস্তটি অর্ধেক কাজ করা হয়েছে। রাস্তাটি জনগনের চলাচলের ও পরিবহন সুবিধার্থে খুব শীঘ্রই রাস্তাটি সংস্কার/মেরামত বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও বিধবা ভাতা কিছু নাম **MIS** এর অন্তর্ভূক্ত করা হলেও অদ্যবধি ভাতা প্রাপ্য হয়নি। বিষয়টি সমাজসেবা অফিসারের মাধ্যমে তদারকির বিষয়ে অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উল্লিখিত বিষয়গুলোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩১) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান সভায় চরাঞ্চলে ছাত্র/ছাত্রীদের বিদ্যালয়ে নির্বিঘ্নে যাওয়া এবং আসার জন্য নৌকার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। জাইকার আওতায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় বন্যা রক্ষা বাঁধ নির্মাণ করা হবে মর্মে সভায় আলোচনা করেন। বাঁধটি খুব শীঘ্রই নির্মাণের জন্য মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ মহোদয় এঁর মাধ্যমে জাইকার অর্থায়নে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। বাঁধটি নির্মাণ করা সম্ভব হলে এই উপজেলায় বন্যার পানি প্রবেশ করতে পারবেনা। প্রতিবছর নদীতে পানি বৃদ্ধি হলে এই দেওয়ানগঞ্জ উপজেলা বন্যার পানিতে প্লাবিত হয়ে যায়। জনগণের জান মালের ক্ষয়ক্ষতি সাধিত হয়। তাই বন্যা রক্ষা বাঁধ নির্মাণের নিমিত্ত প্রয়োজনীয় সকল কার্যক্রম খুব শীঘ্রই বাস্তবায়নের জন্য আবারও অনুরোধ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মেয়র ঃ<br>মেয়র দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। পৌরসভার অভ্যন্তরে অনেক গরীব অসহায় জনগণ বসবাস করে। তাদের জন্য "জমি আছে ঘর নাই" এ রকম বরাদ্দ দেয়া যায় কিনা সভায় আলোচনা করেন। চিকাজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ছাত্র/ছাত্রী লেখাপড়া করে। ছাত্র/ছাত্রীরা যেন সুন্দরভাবে বসে বিদ্যালয়ে পাঠদান করতে পারে সে ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। সকল কার্যক্রমে দেওয়ানগঞ্জ পৌরসভা সর্বাত্নক সহযোগিতা করবেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে ও সভায় সকলকে শুভেচ্ছা জানান। দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জসহ সকল উন্নয়নমূলক কার্যক্রম মাননীয় এমপি মহোদয় এঁর মাধ্যমে বাস্তবায়ন হয়েছে। ১৯৯১ সাল হতে অদ্যাবধি উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তাঁর রুপকার মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ। বিভিন্ন রাস্তা-ঘাট, ব্রীজ, উন্নতকরনের ফলে জনসাধারণ সুফল ভোগ করছেন। জাইকার অর্থায়নের মাধ্যমে দেওয়ানগঞ্জ উপজেলায় বন্যার পানি যেন প্রবেশ করতে না পারে সেজন্য বেড়ি বাঁধ নির্মাণের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা মোতাবেক কোন উন্নয়ন কাজ যেন বাধাগ্রস্থ না হয় এবং উন্নয়নমূলক কাজ যেন তরান্বিত হয় সে লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্যও অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে এবং নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। নব নির্মিত উপজেলা প্রশাসনিক ভবনের কাজ খুব শীঘ্রই শেষ হবে আশাবাদ ব্যক্ত করেন। নতুন ভবনে নতুন আসবাবপত্র এবং সাউন্ড সিস্টেমসহ প্রয়োজনীয় সজ্জিত করনের জন্য অনুরোধ করেন। এছাড়াও কাঠারবিল বাজারের সামনে অটোরিক্সা চালকদের নিকট হতে ১০/- (দশ) টাকা করে আদায় করা হয়। যা বন্ধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৬) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় সভায় নতুন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। ০১ (এক) মাস পরপর এই উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের বিভাগ সম্পর্কিত ও ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন কার্যক্রম নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেছেন। তিনি আরও জানান যে, দীর্ঘ ০৩ (তিন) বছর উপজেলা চেয়ারম্যান হিসেবে সকলের সেবা করার চেষ্টা করেছি। মহান আল্লাহ তায়ালা যদি সহায় হন এবং সকলের দোয়ায় সুস্থ্যতার সাথে যেন অবশিষ্ট ০২ (দুই) বছর আপনাদের মাঝে থেকে সুষ্ঠ ও সুন্দরভাবে জনগণের সেবা প্রদান করতে পারেন এই আশাবাদ ব্যক্ত করেন। উন্নয়নমূলক বা যে কোন কাজ করতে গেলে বিভিন্ন বাধা বিপত্তি আসবে। সকল বাধা অতিক্রম করে উন্নয়নমূলক কার্যক্রম এগিয়ে নিতে হবে। সুখী সমৃদ্ধ দেশ গঠনে ও দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম তরান্বিত করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অবশেষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শারীরিক সুস্থ্যতার জন্য দোয়া কামনা করে, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর জন্য দোয়া চেয়ে এবং সভায় উপস্থিত | সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সকলের সুস্থ্যতা ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন। | | |
| ৩৮) | মার্চ/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। মার্চ/২২ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১৩,১২৫/- (তের হাজার একশত পঁচিশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | মার্চ/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৮,১২৫/-(আটাশ হাজার একশত পঁচিশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৯) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৪০) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজার ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হলে গত ১৭/২/২০২২ খ্রি. তারিখ ১৩ টি হাটের মধ্যে ০৮ টি হাটের দরপত্র প্রাথমিকভাবে হাট-বাজর ইজারা মূল্যায়ন কমিটি অনুমোদন করেন এবং অধিকাংশ হাটের টাকা ইজারাদারগণ পরিশোধ করেছেন। ১৬/৩/২০২২ খ্রি. তারিখ বাহাদুরাবাদ হাটের দরপত্র প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে ও ইজারাদারকে নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা প্রদান এবং চুক্তি সম্পাদনের জন্য পত্র প্রদান করা হয়েছে। নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত হবে এবং পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মেও পত্র প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৪ টি হাটের ইজারা বিজ্ঞপ্তি প্রদান কার্যক্রম চলমান আছে। | ইজারাদারগণ নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত এবং হাট পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪১) | বিবিধ ঃ<br>ক) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০২০-২০২১ অর্থবছরে অবকাঠামোগত উপপ্রকল্পের জন্য নিম্নোক্ত উপপ্রকল্পের প্রস্তাবনা পাওয়া গেছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।<br>১। পোল্যাকান্দি ব্রীজ হতে খুটার চর মোড় পর্যন্ত পাকা রাস্তার দুই পাশে ৪০ টি সোলার প্যানেল স্থাপন। বরাদ্দ-১৩,১৪,০০০/- (তের লক্ষ চৌদ্দ হাজার) টাকা।<br>২। ক) লংকার চর দাখিল মাদ্রাসা শ্রেণি কক্ষ নির্মাণ, খ) উম্মার চর নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষ নির্মাণ, গ) কামারের চর মিতালী কমিউনিটি ক্লিনিক সম্প্রসারণ ও সংস্কার করন।<br>বরাদ্দ-৩১,৫৫,২৭৪/- (একত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার দুইশত চুহাত্তর) টাকা।<br>সর্বমোট=৪৪,৬৯,২৭৪/- (চুয়াল্লিশ লক্ষ উনসত্তর হাজার দুইশত চুহাত্তর) টাকা।<br>৩। সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ- ১০,০০,০০০/-। | ক) উল্লিখিত অবকাঠামো উপপ্রকল্পসমূহ বাস্তবায়নের এবং প্রাক্কলন ও ডিজাইন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

১৬/৩/২২

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ১৮৬ (৪০)

তারিখ ঃ ১৬/৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ....................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান....................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

১৬/৩/২২

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।